# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 07 May, 2025

দক্ষিণ আফ্রিকায় ডাকাতদের গুলিতে রবিউল ইসলাম রণি নামে এক প্রবাসি বাংলাদেশী নিহত হয়েছেন।তিনি ঝিনাইদহের শৈলকুপা উপজেলার মনোহরপুর ইউনিয়নের বিষ্ণুদিয়া গ্রামের গোলজার মোল্লার ছেলে।সোমবার বাংলাদেশী সময় বেলা সাড়ে ১১টার দিকে রবিউল ইসলাম রণিকে গুলি করে হত্যা করা হয়।

নিহত'র ভাইয়ের জামাই তানভীর হোসেন আদনান, তার চাচা শ্বশুর ঘটনার সময় একটি ব্যাংকের পাশ দিয়ে যাচ্ছিলেন।এ সময় ডাকাতরা নিকটস্থ একটি ব্যাংক ডাকাতি করে এলোপাথাড়ী গুলি ছোড়ে।এ সময় নিকট দিয়ে প্রাইভেট যোগে বাড়ি ফিরছিলেন রবিউল ইসলাম রণি। ডাকাতদের এলোপাথাড়ি গুলিতি ড্রাইভিং সিটেই তিনি নিহত হন।

পারিবারিক সুত্রে জানা গেছে রবিউল ইসলাম রণি দীর্ঘ ২২ বছর সপরিবারে দক্ষিণ আফ্রিকায় বসবাস করছেন।সেখানে তার ব্যবসাও আছে। আগামী বৃহস্পতিবার (৮ মে) রণির লাশ দেশে আসতে পারে বলে জামাই তানভীর হোসেন আদনান জানান।

শৈলকুপা থানার ওসি মাসুম খান বুধবার সকালে জানান, ডাকাতদের গুলিতে প্রবাসে কেউ নিহত হয়েছেন এমন কোন খবর তার কাছে নেই। এ বিষয়ে বৈদেশিক মন্ত্রনালয় থেকে কোন ম্যাসেজও পাওয়া যয়িনি বলে ওসি জানান।এদিকে রণির মৃত্যুতে তার পরিবার ও এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে বলে জানা গেছে।

বাংলাদেশ দক্ষিণ আফ্রিকা ডাকাত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 06:12

URL: https://www.timestodaybd.com/public/khulna/2076752309